

PM holds India – Luxembourg Virtual Summit with H.E. Xavier Bettel, Prime Minister of Grand Duchy of Luxembourg

November 19, 2020

প্রধানমন্ত্রী ভারুয়ালি গ্র্যান্ড ডাচি অফ লুক্সেমবুর্গের প্রধানমন্ত্রী হ্যাভিয়ের বেটেলের সঙ্গে ভারত-লুক্সেমবুর্গ শীর্ষ সম্মেলনে যোগ দিয়েছেন

নভেম্বর 19, 2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ভারুয়ালি গ্র্যান্ড ডাচি অফ লুক্সেমবুর্গের প্রধানমন্ত্রী হ্যাভিয়ের বেটেলের সঙ্গে দ্বিপাক্ষিক শীর্ষ সম্মেলনে যোগ দিয়েছেন। বিশ্বজুড়ে কোভিড-১৯ মহামারীর ফলে লুক্সেমবুর্গে প্রাণহানির ঘটনায় প্রধানমন্ত্রী শোক প্রকাশ করেছেন এবং মিঃ বেটেলের নেতৃত্বে সংকট থেকে বেরিয়ে আসায় তাঁকে অভিনন্দন জানিয়েছেন।

দুই প্রধানমন্ত্রী কোভিড পরবর্তী সময়ে বিশেষত আর্থিক প্রযুক্তি, পরিবেশ বান্ধব আর্থিক সহায়তা, মহাকাশ ক্ষেত্র, ডিজিটাল উদ্ভাবন এবং নতুন উদ্যোগে ভারত-লুক্সেমবুর্গ সম্পর্কে আরও দৃঢ় করার বিষয়ে সহমতে পৌঁছেছেন। উভয় দেশের আর্থিক বাজার নিয়ন্ত্রণ, স্টক এক্সচেঞ্জ এবং উদ্ভাবনমূলক বিভিন্ন সংস্থার মধ্যে যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে দুই নেতাই তাকে স্বাগত জানিয়েছেন।

কোভিড-১৯ মহামারী, সন্ত্রাসবাদ এবং জলবায়ু পরিবর্তনের মতো আন্তর্জাতিক চ্যালেঞ্জগুলির মোকাবিলায় ও ফলপ্রসূ বহুস্তরীয় সহযোগিতাকে মজবুত করতে উভয় প্রধানমন্ত্রীই সহমতে পৌঁছেছেন। আন্তর্জাতিক সৌরজোটে লুক্সেমবুর্গের অংশগ্রহণ করার ঘোষণাকে শ্রী মোদী স্বাগত জানিয়েছেন এবং কোয়ালিশন ফর ডিজাস্টার রেজিলিয়েন্ট ইনক্রাসট্রাকচার (সিডিআরআই)-তে লুক্সেমবুর্গকে যোগ দেওয়ার আমন্ত্রণ জানিয়েছেন।

কোভিড-১৯এর পরিস্থিতির উন্নতি হলে ভারতে লুক্সেমবুর্গের গ্র্যান্ড ডিউক ও প্রধানমন্ত্রীকে স্বাগত জানাবার সুযোগ পাবেন বলে শ্রী মোদী আশা প্রকাশ করেছেন। মিঃ বেটেল সুবিধামতো সময়ে শ্রী মোদীকে লুক্সেমবুর্গ সফরের আমন্ত্রণ জানিয়েছেন।

নিউ দিল্লী

নভেম্বর 19, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.